

ইমপিরিয়াল কলেজে ব্যবসায় শিক্ষাবিষয়ক সেমিনার অনুষ্ঠিত

গণপত মান, ফার্মাস, শফলা, উন্নত ব্যবস্থাপনা এবং রাজনীতিমুক্ত শিক্ষাসন হিসাবে কমার্স কলেজ ও নটর ডেম কলেজের পর ঢাকা ইমপিরিয়াল কলেজের অবস্থান। দেশ ও ছাড়ির মেধাকে সঠিকভাবে কাজে লাগাতে এ ধরনের প্রতিষ্ঠানের কোন বিতর্ক নেই। গত ১৮ এপ্রিল ঢাকা ইমপিরিয়াল কলেজে 'ব্যবসায় শিক্ষা ও ব্যবস্থাপনা : ক্যারিয়ার গঠন ও প্রায়োগিক কৌশল' শীর্ষক উচ্চ মাধ্যমিক ও স্নাতক পরবর্তী ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে আয়োজিত সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে বিশিষ্ট শিক্ষণ্ডি ও দেবত জাদুল কাসেম হায়দার এ কথা বলেন। তিনি জার্মান কোম্পানির পক্ষ থেকে অধিকসংখ্যক বই পড়ার জন্য ১০ জন ছাত্রছাত্রীকে নগদ অর্থ ও সার্টিফিকেট প্রদান করার ঘোষণা দেন। একই সবে তিনি একাদশ ও স্নাতক শ্রেণীর মেধাবী প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকারী ছাত্রছাত্রীদের জন্য জার্মান ট্যালেন্টপুল বৃত্তি প্রদানের ঘোষণাও দেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রগতি ইন্স্যুরেন্স লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও ইভিপিভেন্ট ইউনিভার্সিটির চেয়ারম্যান একেএম হুসিনুল ইসলাম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক এবিএম শহীদুল ইসলাম, মান্টি মুভ গ্রুপ অব কোম্পানির নির্বাহী পরিচালক মাহবুব আনাম। সংবাদ বিস্মৃতি।